



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/1/2021

গভর্নর ক্যাথি হোচুল

গভর্নর হোচুল নিউ ইয়র্ক স্টেটে 2021 সালের শরতের পত্ররাজির মৌসুমের সূচনা ঘোষণা করেছেন

*8 সেপ্টেম্বর থেকে শুরু করে সাপ্তাহিক নতুন পাতার রিপোর্ট পাওয়া যাবে*  
[iloveny.com](http://iloveny.com)এ

*এই মৌসুমের রিপোর্টে একটি নতুন ইন্টার্যাক্টিভ পত্ররাজির অগ্রগতি ম্যাপ পাওয়া যাবে*

গভর্নর ক্যাথি হোচুল নিউ ইয়র্ক স্টেটে 2021 সালের শরতের পত্ররাজির মৌসুমের সূচনা ঘোষণা করেছেন। শরত নিউ ইয়র্কে ভ্রমণের সবচেয়ে জনপ্রিয় সময়গুলির একটি, যা স্টেটের অনন্য কমিউনিটিগুলিতে সমগ্র বিশ্ব থেকে দর্শনার্থীদের আকর্ষণ করে এবং স্থানীয় ব্যবসাকে সমর্থন করে। ভ্রমণকারী এবং পাতার সম্পর্কে উৎসাহীদের একটি শরতকালীন ভ্রমণ পরিকল্পনা করতে সাহায্য করতে আই লাভ নিউ ইয়র্ক (I LOVE NY) বুধবার, 8 সেপ্টেম্বর থেকে এর সাপ্তাহিক শরতের নতুন পাতা রিপোর্ট চালু করবে, এবং এতে এখন একটি উন্নত ইন্টার্যাক্টিভ পত্ররাজির অগ্রগতি ম্যাপ অন্তর্ভুক্ত থাকবে।

"প্রতি শরতে, নিউ ইয়র্ক স্টেটের অসাধারণ নতুন পাতা এবং প্রাকৃতিক সৌন্দর্য ভ্রমণকারীদের আমাদের বিশ্বমানের স্টেট পার্ক, নৈসর্গিক ওভারলুক, ঐতিহাসিক সাইট এবং অতুলনীয় আকর্ষণগুলির প্রতি আকৃষ্ট করে," **গভর্নর হোচুল বলেন।** "নিউ ইয়র্কবাসীরা বহুকাল ধরেই নায়াগ্রা ফলস থেকে শুরু করে মন্টক পয়েন্ট পর্যন্ত স্টেটের সমগ্র অঞ্চলজুড়ে রঙের অসাধারণ প্রদর্শন সম্পর্কে অবগত আছে। এখন অধিবাসী এবং দর্শনার্থী নির্বিশেষে শরতকালীন ভ্রমণ পরিকল্পনা করার এবং আমাদের মহান স্টেটে এই অবিশ্বাস্য রঙিন মৌসুম উপভোগ করার উপযুক্ত সময়।"

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) ভাইস প্রেসিডেন্ট এবং এক্সিকিউটিভ ডিরেক্টর অফ ট্যুরিজম রস ডি. লেভি বলেন,** "শরতের পত্ররাজি মৌসুম নিউ ইয়র্ক স্টেটে সবসময় বছরের এক জাদুকরী সময়, এবং I LOVE NY সাপ্তাহিক পত্ররাজি রিপোর্ট মৌসুমি ভ্রমণ পরিকল্পনাকারীদের জন্য একটি অসাধারণ সরঞ্জাম। আমাদের নতুন ইন্টার্যাক্টিভ পত্ররাজির অগ্রগতি ম্যাপ ফসল কাটার উৎসব থেকে শুরু করে হ্যালোউইন উদযাপন, চারু পানীয় ট্রেইল, জাদুঘর এবং পারিবারিক বিনিদন পর্যন্ত বিভিন্ন আকর্ষণ এবং অনুষ্ঠানকে হাইলাইট করে, যা অধিবাসী এবং ভ্রমণকারী নির্বিশেষে সবাইকে স্টেটজুড়ে শরতের রঙের অসাধারণ প্রদর্শন ঘুরে দেখার সময় তাদের পছন্দের জিনিসগুলি খুঁজে পেতে সাহায্য করে।"

পত্ররাজি রিপোর্ট প্রতি সপ্তাহে অন-লোকেশন ফিল্ড পরিদর্শনের মাধ্যমে তৈরি করা হয়, যা I LOVE NY এর স্বেচ্ছাসেবী পত্র পরিদর্শকের মাধ্যমে সংকলিত হয়। স্টেটের 11টি ছুটি কাটানো অঞ্চলজুড়ে থাকা 85 জনের বেশি স্পটারকে তাদের এলাকার পাতার রঙ পরিবর্তন পর্যবেক্ষণের দায়িত্ব দেওয়া হয়, যখন পাতা প্রতি সপ্তাহে রূপান্তরিত হয়। রিপোর্টে সবচেয়ে বেশি দেখা যাওয়া পাতার রঙসমূহ, পরিবর্তনের আনুমানিক শতাংশ, এবং সর্বোচ্চ অবস্থার সাথে তুলনায় পাতার রঙ পরিবর্তনের অগ্রগতি সম্পর্কে বিস্তারিত তথ্য থাকে।

এই বছর, I LOVE NY একটি নতুন বর্ধিত, ইন্টার্যাক্টিভ ম্যাপ যোগ করেছে যা এই মৌসুমে স্টেটজুড়ে পত্ররাজির সাপ্তাহিক পরিবর্তন এবং অগ্রগতি দেখাবে। ম্যাপটি [I LOVE NY পত্ররাজি ওয়েবসাইট](#) এ পাওয়া যাবে এবং স্টেটজুড়ে বিভিন্ন অঞ্চলে অসাধারণ সব পত্ররাজি দর্শন অঞ্চলের তালিকা প্রদান করে। দর্শনার্থীরা একটি নির্দিষ্ট এলাকায় দর্শনের সবচেয়ে উন্নত পরিস্থিতিতে পত্ররাজি দেখতে কেমন হয় তা দেখতেও ম্যাপটি ব্যবহার করতে পারবেন এবং আশেপাশের অবশ্যই দেখা উচিত এমন আকর্ষণ সম্পর্কে জানতে পারবেন।

অবস্থান এবং আকারের আংশিক কল্যাণে, নিউ ইয়র্ক স্টেটে দেশের সবচেয়ে লম্বা এবং রঙিন পত্ররাজি মৌসুমগুলির একটি দেখা যায়। সেপ্টেম্বরের শেষ থেকে মার্চ-নভেম্বর পর্যন্ত যেকোনো সপ্তাহান্তে, স্টেটের বিভিন্ন অংশে সাধারণত সবচেয়ে বেশি পত্ররাজি দেখা যায়।

ভ্রমণকারীদের তাদের তোলা নিউ ইয়র্কের অসাধারণ পত্ররাজির ছবি #NYLovesFall হ্যাশট্যাগ যোগ করে সামাজিক যোগাযোগ মাধ্যমে শেয়ার করার অনুরোধ করা হচ্ছে। এই হ্যাশট্যাগ ব্যবহার করে জমা দেওয়া ছবিগুলির I LOVE NY পত্ররাজি ওয়েবসাইটে এবং আনুষ্ঠানিক I LOVE NY সামাজিক যোগাযোগ অ্যাকাউন্টগুলিতে ফিচার হওয়ার সুযোগ রয়েছে যেগুলির প্রায় দুই মিলিয়ন অনুসারী রয়েছে। রিপোর্ট এবং নতুন ইন্টার্যাক্টিভ ম্যাপ মৌসুমজুড়ে প্রতি বুধবার আপডেট করা হবে [www.iloveny.com/foilage](http://www.iloveny.com/foilage) ঠিকানায়। মার্কিন যুক্তরাষ্ট্র, এর এলাকা সমূহ, এবং কানাডা থেকে টোল ফ্রি 800/CALL-NYS (800/225-5697) নম্বরে ডায়াল করেও রিপোর্ট পাওয়া যাবে। একজন I LOVE NY পাতা পরিদর্শক হিসাবে স্বেচ্ছাসেবী কিভাবে হওয়া যায় সে সম্পর্কে আরও তথ্য পেতে আপনার নাম, ঠিকানা এবং ফোন নম্বর [foilage@esd.ny.gov](mailto:foilage@esd.ny.gov) ঠিকানায় ইমেইল করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov) -এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবন্ধাইব করুন](#)